

কোন মুসলিম কি কোন হিন্দুর লাশ পোড়াতে সহায়তা করতে পারবে?

প্রশ্নঃ

বর্তমানে কোন কোন আলেম করোনায় আক্রান্ত হয়ে মারা যাওয়া হিন্দুদের লাশ পোড়াতে সহায়তা করছেন। ইসলাম কারো লাশ পোড়াতে সহায়তা করাকে কতটুকু সমর্থন করে? বা এ ধরনের উদারতা সম্পর্কে ইসলাম কী বলে?

প্রশ্নকারী-মাহমুদুল্লাহ

প্রশ্নঃ

কোনো হিন্দু মারা গেলে করোনায় আক্রান্ত হওয়ার ভয়ে যদি তার পরিবারের কেউ তার লাশ শ্মশানে না নেয় তাহলে কোনো মুসলিমের জন্য কি সেই লাশ শ্মশানে নিয়ে যাওয়া এবং তাতে আগুন দেয়া বৈধ হবে? এ ব্যাপারে শরীয়তের হুকুম কী? বিস্তারিত জানালে উপকৃত হতাম।

প্রশ্নকারী-তারেক মুসান্না

উত্তরঃ

কাফেরদের লাশের ক্ষেত্রে ইসলামের বিধান হলো, তা কোন ধরনের সম্মান, গোসল ও কাফন ব্যতীত গর্তে ফেলে দেয়া কিংবা মাটিতে পুঁতে রাখা। বদর যুদ্ধে নিহত মুশরিকদের ব্যাপারে ইবনে মাসউদ রাযি. বলেন,

ثم أمر بهم فسحبوا، فألقوا في قليب بدر - صحيح البخاري: (520) صحيح مسلم (2874):

এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নির্দেশে তাদের লাশ টেনে-হিঁচড়ে নিয়ে বদরের কূপে ফেলে দেয়া হলো। -সহীহ বুখারী: ৫২০, সহীহ মুসলিম: ২৮৭৪

নাজিয়াহ বিন কা'ব রহ. আলী রাযি. হতে বর্ণনা করেন,

أنه أتى النبي صلى الله عليه وسلم فقال: إن أبا طالب مات. فقال: «اذهب فواره». رواه النسائي (190) وأبو داود (3214) وابن أبي شيبة (11962) وقال الإمام ابن الملقن في البدر المنير: (237/5): إسناده جيد.

আলী রাযি. রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে বললেন, আবু তালেব মারা গেছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যাও তাকে মাটিতে পুঁতে রাখো। -সুনানে নাসায়ী, ১৯০ সুনানে আবু দাউদ, ৩২১৪ মুসান্নাফ ইবনে আবী শাইবা, ১১৯৬২

বিশেষ কিছু ক্ষেত্রে মুসলিম অভিভাবককে অমুসলিম মৃতের লাশের ওপর একটু পানি ঢেলে দিয়ে একটি কাপড়ে পেঁচিয়ে গর্তে পুঁতে দেয়ার অনুমতি দেয়া হয়েছে, তাও বিভিন্ন শর্ত সাপেক্ষে। যেমন, মাহরাম নিকটাত্মীয় হওয়া, হারবী না হওয়া, অমুসলিম কর্তৃক তার দাফনের ব্যবস্থা না করা ইত্যাদি। কিন্তু কোনো ক্ষেত্রেই লাশ পোড়ানোর অনুমতি প্রদান করা হয়নি।

সুতরাং কোনো মুসলিমের জন্য হিন্দুর লাশ পোড়ানোর কাজে সহযোগিতা করার সুযোগ নেই। এধরনের উদারতার স্থান ইসলামে নেই। তা হিন্দুদের ধর্মীয় রীতি ও শিয়ারের অন্তর্ভুক্ত।

একান্ত কোনো লাশের ব্যবস্থাপনা যদি হিন্দুরা না করে, সে ক্ষেত্রে যদি লাশ পচে মানুষের কষ্টের কারণ হয়, তাহলে তাকে একটি গর্তে পুঁতে দিবে। তবে তা মুসলিম গোরস্থানে করা যাবে না। -মাবসূতে সারাখসি: ২/৫৫, বাদায়েউস সানায়ে: ১/৩০২, মাউসুআহ ফিকহিয়্যাহ কুয়েতিয়্যাহ: ১৩/৫৮, ফাতহুল কাদির: ২/১৩২, ফতোয়া শামী: ১/১৬৭, ২/২৩০, উমদাতুর রিআয়াহ: ৩/১০৭,

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)



০৪-১২-১৪৪১ হি.

২৬-০৭-২০২০ ইং

اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ